



**Embassy of Bangladesh  
to the Kingdom of Belgium, the Grand Duchy of Luxembourg &  
Mission to the European Union**

প্রেস রিলিজ

আজ ব্রাসেলস্ দূতাবাস কর্তৃক বাংলাদেশ কমিউনিটির সদস্যদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে গৌরবময় বিজয় দিবসের ৫৩তম বার্ষিকী উদযাপন করা হয়েছে।

এ দিবসে বেলজিয়ামে বসবাসরত বাংলাদেশী সম্প্রদায়ের প্রতিনিধিরা, ইউরোপে বাংলাদেশের প্রতিনিধিত্ব করতে পেরে তাদের গর্ব ও আনন্দ প্রকাশ করেন এবং দেশের উন্নতির জন্য তাদের কঠোর পরিশ্রম অব্যাহত রাখার অঙ্গীকার পুনঃব্যক্ত করেন। তারা লিঙ্গ, ধর্ম বা আদর্শ নির্বিশেষে সকলকে ঐক্যবদ্ধ হবার আহ্বান জানান। মহান মুক্তিযুদ্ধে শহীদদের প্রতি, সন্ত্রসহারা মা-বোনদের প্রতি এবং যারা স্বাধীন, সার্বভৌম বাংলাদেশের জন্য জীবন দিয়েছেন তাদের সকলের প্রতি অত্র দূতাবাসের সিডিএ এ.আই. প্রীতি রহমান গভীর শ্রদ্ধা নিবেদন করেছেন। তিনি ২০২৪ সালের জুলাই-আগস্টের বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের শহীদদের প্রতিও শ্রদ্ধা নিবেদন করেন। তিনি মাননীয় প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনুসের নেতৃত্বাধীন অন্তর্বর্তী সরকার কর্তৃক গৃহীত বিভিন্ন সংস্কারের জন্য আন্তর্জাতিক সম্প্রদায়, বিশেষ করে ইউরোপীয় ইউনিয়নের সমর্থন তুলে ধরেন যা একটি গণতান্ত্রিক, অন্তর্ভুক্তিমূলক সমাজ গঠনের প্রধান নিয়মক হিসাবে কাজ করবে।

অনুষ্ঠানটি ২০২৪ সালের দেশব্যাপী বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের উপর একটি তথ্যচিত্র প্রদর্শনের মাধ্যমে অতিবাহিত হয়েছে, যার শিরোনাম ছিল 'গণমুক্তি অনিবার্য'।

এর আগে দূতাবাস প্রাঙ্গণে জাতীয় পতাকা উত্তোলনের মধ্য দিয়ে দিবসটি উদযাপন শুরু হয়। এ উপলক্ষে মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধান উপদেষ্টা এবং পররাষ্ট্র বিষয়ক মাননীয় উপদেষ্টা কর্তৃক জারি করা বার্তাসমূহ দূতাবাসের কর্মকর্তারা পড়ে শোনান।

29-31 Rue Jacques Jordaens, 1000 Brussels, Tel : +32-2-640-5500, Fax : +32-2-646-5998  
E-mail : mission.brussels@mofa.gov.bd; Website : www.brussels.mofa.gov.bd